চা খাইয়ে চমকে দিলেন মুখ্যমন্ত্রী

দেবশ্রী মজুমদার, বীরভূম, ১ ফেব্রুয়ারি ঃ যিনি রাঁধেন, তিনি চুলও বাঁধেন। রাজ্যের প্রধান প্রশাসনিক রবীন্দ্রনাথ ঠাকুরের বংশধর সুপ্রিয় ঠাকুরের স্কুল শিশুতীর্থ পরিদর্শন করে বোলপুরের রূপপুর পঞ্চায়েতের সরকার ডাঙা আদিবাসী গ্রামে প্রবেশের মুখে চায়ের দোকানে ঢুকে পড়েন। মুখ্যমন্ত্রী চা খেতে খুব ভালোবাসেন। চা বানাতেও ভালোবাসেন। তাই নিজেই সসপ্যান, জল, দুধ, চা, চিনি নিয়ে চা বানালেন। সেই চা খেয়ে মুগ্ধ দোকানী চামেলী মার্ডি ও তার বাবা মা সরমা মার্ডি ও রুবৈ মার্ডি। চামেলী মার্ডি উচ্চমাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করে আর এগোতে পারেন নি। সে ব্যাপারেও খোঁজখবর নেন মুখ্যমন্ত্রী। তারপর চন্দনা মুর্মুদের বাড়ি যান। সেখানে বাচ্চা অনামিকা মুর্মুকে আদর করে বলেন, এখনও সুন্দরী আছো। বড় হলে আরও সুন্দরী হবে। এদিন সুপ্রিয় ঠাকুরের শিশুতীর্থ স্কুলে বাচ্চাদের মন জয় করলেন মুখ্যমন্ত্রী। সুপ্রিয় ঠাকুরের জামাতা সুদৃপ্ত ঠাকুর বলেন, বাচ্চাদের মতো মন উনার। আমরা আশা করি নি উনি আমাদের আমন্ত্রণ গ্রহণ করবেন। একইভাবে তাঁর মেয়ে রূপসা ঠাকুর জানান, বাচ্চারা খুবই খুশি। তাঁরা দিদিকে গান শুনিয়েছে। নাচ

দেখিয়েছে। দিদি বলেন, আমি বাচ্চাদের খুব ভালোবাসি। প্রচুর চকোলেট এনেছিলেন। বাচ্চাদের জন্য বই এনেছিলেন। তিনি বলেন, অনেকে হয়তো জানেন না। আমি চাই, এরা এখান থেকে বড়ো হোক। কিছু করুক। রূপসা ঠাকুর বলেন, পাশে থাকার আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। বাচ্চাদের সঙ্গে গল্পও করেন। তারপর শ্বেত চন্দন বৃক্ষরোপণ করেন তিনি। যাওয়ার সময় বাচ্চাদের লাগানো সতেজ ফুলকপি, গাজর এসব উপহার হিসেবে নিয়ে যান। সুদৃপ্ত ঠাকুর জানান, সুপ্রিয় ঠাকুর পাঠভবন থেকে অবসরের শেষের দিকে ১৯৯৯ সালে এই স্কুল খোলেন। নার্সারি থেকে দ্বাদশ পর্যন্ত মোট ১৯জন পড়ুয়া এই স্কুলে আছেন। সুদৃপ্ত বাবু জানান, সুপ্রিয়বাবু আজ একটু অসুস্থ। আগের দিন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন। কথায় কথায় তিনি জানান, একটা সময় বিশ্বভারতী যেতাম। কিন্তু বর্তমান উপাচার্যর সময় সেটা একদম তলানিতে ঠেকেছে। পাঁচিল বিতর্ক যে কতটা যে উপাচার্যর মস্তিষ্কপ্রসূত সেটা বোঝাতে একটি ঘটনার উদাহরণ দিয়ে সুদৃপ্তবাবু বলেন, এক সময় প্রখ্যাত শিল্পী শান্তি দেব ঘোষের বাড়িতে ফ্ল্যাট তোলা হবে বলে অপপ্রচার করেন। এক বৈঠকে তার প্রমাণ দাবি করলে তিনি তা দেখাতে পারেন নি। বিশ্বভারতী থেকে শিশুতীর্থ দূরত্ব খুব বেশি নয়। কিন্তু মনের দূরত্ব অনেকটাই বেড়েছে উপাচার্যর সৌজন্যে। সুদৃপ্তবাবু বলেন, এই শান্তিনিকেতন এমনটা ছিল না।

২০ জন দুঃস্থ টিবি রোগীকে দত্তক

সুজিত দত্ত, বর্ধমান, ১ ফেব্রুয়ারি ঃ বর্ধমান শহরের টাউন হল প্রাঙ্গণে চলছে এক বেসরকারি হাসপাতালের উদ্যোগে স্বাস্থ্য মেলা। এই স্বাস্থ্য মেলায় বিনামূল্যে বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা দেওয়া হচ্ছে। চিকিৎসকরা মেলার বিভিন্ন কাউন্টারে বসে স্বাস্থ্য পরীক্ষা সহ চিকিৎসাও করছেন। সকাল থেকেই লম্বা ভিড় জমছে চিকিৎসায় আগ্রহী মানুষের। বুধবার মেলার তৃতীয় দিনে সুন্দর চিন্তাভাবনা নিয়ে এগিয়ে আসতে দেখা গেল এই বেসরকারি হাসপাতালের কর্ণধার শেখ আলহাজউদ্দিনকে। এদিন অর্থাৎ মেলার তৃতীয় দিনে তিনি কুড়িজন দুঃস্থ টিবি রোগীর দত্তক নিলেন ছ'মাসের জন্য। শুধুমাত্র তাই নয়, এদিন তাদের হাতে খাদ্য সামগ্রীও তুলে দেন তিনি। আলহাজউদ্দিন বাবু জানান, জেলায় প্রায় ৭৪০ জন টিবি রোগী রয়েছেন যারা খুবই দুঃস্থ। তাদের পুষ্টিকর খাবারের প্রয়োজন। জেলা স্বাস্থ্য দপ্তর থেকে তাদের কাছে এই ধরনের রোগীদের পুষ্টির জন্য সাহায্যের আবেদন জানানো হয়েছিল। তাই স্বাস্থ্য দপ্তরের আবেদনকে সম্মান জানিয়ে ১২০ জনের মত রোগীকে দত্তক নেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। তবে আপাতত ১০ জনকে লায়ন্স ক্লাব ও মেডিলিঙ্ক এবং ১০ জনকে সান হাসপাতালের পক্ষ থেকে অর্থাৎ মোট ২০ জন টিবি রোগীকে আগামী ছয় মাস দত্তক নেওয়া হল। ওই ছয় মাস হাসপাতালের পক্ষ থেকে তাদের পুষ্টিকর খাদ্য সামগ্রীর দায়িত্ব নেওয়া হল। এদিন মঞ্চ থেকে ওই ২০ জন দুঃস্থ টিবি রোগীর হাতে চাল, ডাল, ভোজ্য তেল, সয়াবিন, ডিম, পেঁয়াজ, হরলিক্স সহ বিভিন্ন পুষ্টিকর খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়। বাকি ১০০ জনকে প্রোগ্রেসিভ ডক্টরস এসোসিয়েশনের পক্ষ থেকে দত্তক নেওয়ার চিন্তাভাবনা চলছে বলে এদিন জানিয়েছেন আলহাজউদ্দিন বাবু। এদিন তিনি আরও বলেন, সমাজের প্রতিটা মানুষের উচিত দুঃস্থ ও পীড়িত মানুষের জন্য কিছু করা, তাদের পাশে দাঁড়িয়ে তাদের দিকে সাধ্যমত সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়া। তারা এই কাজটিই করে থাকেন। উল্লেখ্য, বর্ধমান শহরের ১২ কিলোমিটারের মধ্যে বয়স্ক মানুষদের জন্য বিনামূল্যে অ্যাম্বুলেন্স পরিষেবা প্রদানের সূচনাও করা হয়েছে ওই বেসরকারী নার্সিংহোমের পক্ষ থেকে। খোলা হয়েছে ক্যান্সার ইউনিটও। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের স্বাস্থ্যসাথী কার্ডে অন্যান্য চিকিৎসার সাথে ক্যান্সারের চিকিৎসাও বিনামূল্যে করা হবে বলে জানিয়েছেন আলহাজউদ্দিন বাবু। এদিনের দত্তক গ্রহন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা টিবি বিভাগের অফিসার ডাঃ মৌটুসি সিংহ। তিনি আলহাজউদ্দিনের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

আগুনে পুড়ে ছাই হল সারা বাড়ি

তনুজ জৈন, মালদা, ১ ফেব্রুয়ারি ঃ ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে ছাই একমাত্র শয়নকক্ষ। রান্না চলাকালীন রান্নার আগুন থেকে হঠাৎ করে আগুন লেগে যায়। ঘরের ভেতরে যে সব আসবাবপত্র ছিল সব পুড়ে ছাই হয়ে গেছে। দমকল এবং স্থানীয়দের প্রচেষ্টায় ১ ঘন্টায় নিয়ন্ত্রণে আসে আগুন। অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই এলাকার বিধায়ক তার প্রতিনিধিকে পাঠিয়ে দেন ওই পরিবারের কাছে। সাহায্যের আশ্বাস দেন বিধায়কের প্রতিনিধি তথা তৃণমূল নেতা। অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে মালদার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের অন্তর্গত তুলসীহাটা এলাকার মাখনা গ্রামে প্রদীপ সিং এর বাড়িতে। দুপুরের রান্না চলছিল। সেই সময় রান্নার আগুন থেকে কোন ভাবে ছড়িয়ে পড়ে আগুন। বাড়িতে একটি মাত্র শয়নকক্ষ রয়েছে। পুড়ে ছাই হয়ে যায় বিছানা থেকে অন্যান্য আসবাবপত্র। মাথায় হাত পরিবারের। এলাকাবাসী সাথে সাথে আগুন নেভানোর কাজে লেগে পড়েন। তৎপরতার সঙ্গে পৌঁছে যায় দমকলও। প্রায় ঘন্টা খানেক পরে নিয়ন্ত্রণে আসে আগুন। অগ্নিকাণ্ডের খবর যায় এলাকার বিধায়ক নিহার রঞ্জন ঘোষের কাছে। সাথে সাথে তিনি তার প্রতিনিধি হিসেবে তৃণমূল নেতা দিলরোজকে পাঠিয়ে দেন ওই বাড়িতে। দিলরোজ পরিবারের লোকের সঙ্গে কথা বলে বিধায়কের তরফ থেকে সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন। সরকারি তহবিল থেকে ক্ষতিপূরণ দেওয়ার চেষ্টা হবে বলে জানিয়েছেন তিনি। এদিকে ভরদুপুরে এরকম অগ্নিকাণ্ডের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। বাড়ির মালিক প্রদীপ সিং বলেন, রান্না করার সময় আগুন লেগে যায়। পাশেই ঘর ছিল। তৎক্ষণাৎ আমরা দমকলকে খবর দিই। দমকলে এসে আগুন নিয়ন্ত্রণে আনে। বিধায়ক খবর পেয়ে প্রতিনিধি হিসেবে দিলরোজকে পাঠিয়েছিল। সাহায্যের আশ্বাস দিয়েছে। বিধায়ক প্রতিনিধি তথা তৃণমূল নেতা দিলরোজ বলেন, বিধায়কের নির্দেশে আজ মাখনা বুথে এসেছিলাম। একটি বাড়িতে আগুন লেগে সব পুড়ে ছাই হয়ে গেছে। আমরা সমস্ত রকম কথা বলে গেলাম। অগ্নিকাণ্ডের ক্ষেত্রে প্রশাসনিক ভাবে যা যা সাহায্য থাকে সেগুলো যাতে পায় চেষ্টা করব।

শহরের ট্রাফিক নিয়ে বৈঠকে গৌতম

উত্তম সিংহ, শিলিগুড়ি, ১ ফেব্রুয়ারি ঃ শিলিগুড়ি শহরের ট্রাফিক ব্যবস্থাকে ঢেলে সাজাতে শিলিগুড়ি পুলিশ কমিশনার, ডিসিপি হেড কোয়ার্টার, ডিসিপি ট্রাফিক সহ অন্যান্য সংশ্লিষ্ট উচ্চপদস্থ পুলিশ আধিকারিকদের সাথে বৈঠক করলেন মেয়র গৌতম দেব। বুধবার শিলিগুড়ি পুরনিগমের সভাকক্ষে মেয়র গৌতম দেব জানান, যত দিন যাচ্ছে শিলিগুড়িতে যানবাহনের সংখ্যা বাড়ছে। এবার থেকে যত্রতত্র গাড়ি রাখা যাবে না কোনভাবেই। যে বা যারা গাড়ি চালাচ্ছেন রাস্তায় তাদের সাথে বৈধ কাগজপত্র না থাকলে মোটা অঙ্কের টাকা জরিমানা করা হবে। পথচলতি মানুষেরা প্রচণ্ডভাবে সমস্যার মধ্যে পড়ে যান রাস্তায় চলাফেরা করতে গিয়ে। এছাড়া যেখানে সেখানে গাড়ি রাখা থাকলে প্রচণ্ডভাবে সমস্যায় পড়ে যান তারা। মেয়র জানান নির্দিষ্ট জায়গাতে গাড়ি রাখবার একটা পরিকল্পনা করছে শিলিগুড়ি পুরনিগম। যত দিন যাচ্ছে গাড়ির সংখ্যা বাড়ছে, ফলে সমস্যা বাড়ছে আরও বেশী। তাই ট্রাফিক পুলিশকে আরও বেশী ক্ষমতা দেওয়ার কথা ভাবা হচ্ছে। এদিন মেয়র আরো জানান পার্কিং এলাকা ছাড়া গাড়ি পার্ক করলে আইনত কড়া ব্যাবস্থা নেবে শিলিগুড়ি পুরনিগম। যানযট সমস্যা বাড়ায় রাস্তায় চলাফেরা করতে সমস্যায় পড়ে যাচ্ছেন বয়স্ক এবং বাচ্চারা। তাই এখন দরকার ট্রাফিক ব্যাবস্থাকে ঢেলে সাজানোর। জানান মেয়র গৌতম দেব।

বিজেপি কর্মীর মৃতদেহ উদ্ধারে রহস্য পুরুলিয়ায়

দুরন্ত বার্তা, পুরুলিয়া, ১ ফেব্রুয়ারি ঃ পুরুলিয়ার বলরামপুরে বিজেপির এক সদস্যের মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে বুধবার এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে। মঙ্গলবার বিকেলে চান্ডিল শাখার উরমা রেল লাইনের ধার থেকে উদ্ধার হয় মৃতদেহটি। ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। দেহটি ময়নাতদন্তে পাঠানো হয়। পুলিশ জানিয়েছে, মৃত ব্যক্তির নাম বানেশ্বর হেমব্রম (৩২)। বাড়ি বলরামপুর থানার রঘুনাথডি টোলায়। তিনি বলরামপুর ব্লকের ঘাটবেড়া-কেরোয়া পঞ্চায়েতের কুমারডি ২ নম্বর পঞ্চায়েতের বিজেপি সদস্য ছিলেন। বানেশ্বরের স্ত্রী সম্বরি হেমব্রম জানান, রবিবার রাতে খাওয়া-দাওয়া সেরে ঘুমোতে যান স্বামী। ভোরে উঠে তিনি দেখেন, বানেশ্বর বিছানায় নেই। তাঁর মোবাইল ফোনটি বাড়িতেই ছিল। বেলা বাড়তে খোঁজাখুঁজি শুরু হয়। খবর দেওয়া হয় থানায়। বানেশ্বরের স্ত্রীর মন্তব্য, এই মৃত্যুর সঙ্গে রাজনীতির কোনও যোগ নেই। স্বামীর মৃত্যুর পিছনে রাজনীতি নেই বলে দাবি করলেও তা মানতে নারাজ বিজেপির স্থানীয় নেতারা। বলরামপুরের বিজেপি বিধায়ক বানেশ্বর মাহাত এবং জেলা বিজেপি সভাপতি বিবেক রাঙ্গা বলেন, তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরাই পরিকল্পিত ভাবেই খুন করেছে আমাদের পঞ্চায়েত সদস্য বানেশ্বরকে। পঞ্চায়েত ভোটের আগে এলাকার পরিবেশ অশান্ত করার ছক কষছে তৃণমূল। তাঁরা এই খুনের সিবিআই তদন্তেরও দাবি জানান। অন্যদিকে, তৃণমূল দাবি করেছে, এই খুনের পিছনে রাজনীতি নেই। পুলিশ সঠিক তদন্ত করলেই সব জানা যাবে। পারিবারিক গোলমালের কারণেও খুন হয়ে থাকতে পারে বলে মনে করছেন বলরামপুরের এক তৃণমূল নেতা। বিবেক রাংগা বলেন, পঞ্চায়েত নির্বাচন আসন্ন। আর তার আগে রাজ্যকে অশান্ত করার চেষ্টা করছে শাসক দল। গত পঞ্চায়েত নির্বাচনেও বলরামপুর থেকেই শুরু হয়েছিল অশান্তি। এবারও তার অন্যথা হল না। যদিও পাল্টা জেলা তৃণমূল সভাপতি সৌমেন বেলথরিয়া বলেন, নির্বাচনের আগে মৃত্যু নিয়ে রাজনীতি করছে বিজেপি। তৃণমূল হিংসার রাজনীতি করে না।

সমবায় ব্যাঙ্কের শাখার উদ্বোধন

দুরন্ত বার্তা, বর্ধমান, ১ ফেব্রুয়ারি ঃ পূর্ব বর্ধমানের জামালপুরে বর্ধমান কো-অপারেটিভ এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেড এর জামালপুর শাখার শুভ উদ্বোধন হলো আজ। জামালপুর বিডিও অফিস সংলগ্ন পুরনো বিএলআরও অফিসে এই ব্রাঞ্চটি খোলা হলো। এই উপলক্ষে উপস্থিত ছিলেন স্পেশাল অফিসার তথা এসবিএসটি-র চেয়ারম্যান সুভাষ মন্ডল, জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি, পঞ্চায়েত সমিতির সভাপতি ভূতনাথ মালিক, সহ সভাপতি দেবু হেমব্রম, তৃণমূলের ব্লক সভাপতি তথা পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খান সহ ব্যাঙ্কের ঊর্ধ্বতন কর্তৃপক্ষরা ও জামালপুর ব্রাঞ্চের দায়িত্বপ্রাপ্ত ম্যানেজার আসিফ ইকবাল খান সহ অন্যান্য অতিথিরা। যেহেতু জামালপুর কৃষিপ্রধান ব্লক এবং প্রচুর মানুষ বা পরিবার চাষের সাথে যুক্ত তাই গ্রামের চাষীদের অনেক কম সুদে ঋণ দিয়ে সহযোগিতা করার উদ্দেশ্য নিয়েই জামালপুরে ব্রাঞ্চের উদ্বোধন করা হল।

পরিযায়ী শ্রমিকদের পরিবারে অশান্তির কারণ দিদির দূতেরা

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ১ ফেব্রুয়ারি ঃ দিদির সুরক্ষা কবচ কর্মসূচিকে কেন্দ্র করে বুধবার জলঙ্গিতে অশান্তি হয়। থানার পুলিশের দ্বারস্থ হয়েছেন গ্রামের মহিলারা। নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে জলঙ্গি ব্লকের কীর্তনীয়া পাড়ায় মহিলারা বিক্ষোভ দেখান। 'দিদির দূত' পরিচয়ে গ্রামের মহিলাদের পাকা বাড়ি দেওয়ার আশ্বাস দিয়ে তাদের সঙ্গে ছবি তুলে সামাজিক মাধ্যমে ভাইরাল করার অভিযোগ উঠল এলাকার কয়েকজন যুবকের বিরুদ্ধে। অভিযোগ, দিদির দূতেরা বাড়ি বাড়ি গিয়ে মহিলাদের সঙ্গে ছবি তুলছে। তারপর সেই ছবি সামাজিক মাধ্যমে পোস্ট করছে। যা নিয়ে তুমুল অশান্তি সৃষ্টি হচ্ছে পরিযায়ীদের শ্রমিকদের সংসারে। বিক্ষোভকারীদের দাবি, গ্রামের কয়েকজন যুবক বেছে বেছে পরিযায়ী শ্রমিকদের বাড়ি যাচ্ছে। সেখানে পুরুষদের অনুপস্থিতিতে মহিলাদের কাছ থেকে আধার কার্ড, ভোটার কার্ড দেখতে চাইছে। তারপর কী সব লিখে নিচ্ছে। শেষে কাঁচা ঘরের সামনে দাঁড়িয়ে মহিলাদের সঙ্গে ছবি তুলে পরে তা সামাজিক মাধ্যমে ছড়িয়ে দিচ্ছে ওই যুবকরা। মুঠোফোনে স্ত্রীদের সেই ছবি দেখে পরিযায়ী শ্রমিকরা খেপে উঠছেন। দূর থেকেই তাঁরা স্ত্রীদের ফোনে গালিগালাজ করছেন। এমনকি মারধর করারও হুমকি দিচ্ছেন। ফলে ঝামেলায় পড়তে হচ্ছে গ্রামের মহিলাদের। কীর্তনীয়া গ্রামের গৃহবধূরা জানান, তাঁদের অনেকেরই পাকা বাড়ি রয়েছে, অথচ ফের বাড়ি দেওয়া হবে বলে প্রলোভন দেখিয়ে তাঁদের সঙ্গে ছবি তোলা হচ্ছে। আর সেই ছবি সামাজিক মাধ্যমে ভাইরাল করে দিচ্ছে ওই যুবকেরা। অভিযোগ, গ্রামের এক তৃণমূল কর্মীকে নিজেদের সঙ্গে নিতে চেয়েছিলেন অভিযুক্ত যুবকেরা। আবাস যোজনা প্রকল্পের বাড়তি টাকা আদায় করার ফন্দি বুঝতে পেরে মন্টু মণ্ডল নামে ওই তৃণমূল কর্মী তাঁদের কাছ থেকে সরে আসেন। এর পরেই মন্টুর নামে পাল্টা পুলিশকে নালিশ করে ওই যুবকরা। যদিও তৃণমূলের জলঙ্গি ব্লক (দক্ষিণ) সভাপতি মোহিত দেবনাথ বলেন, তৃণমূলের ভাবমূর্তি নষ্ট করার জন্য কিছু লোক উঠে পড়ে লেগেছে। অভিযুক্তরা কেউই তৃণমূলের লোক নয়। তবু দল মহিলাদের অভিযোগ খতিয়ে দেখছে।

পানীয় জল অমিল

দুরন্ত বার্তা, পাঁশকুড়া, ১ ফেব্রুয়ারি ঃ কল আছে জল নেই। দীর্ঘদিন ধরেই পানীয় জল থেকে বঞ্চিত পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ার জগতপুর বাগানপাড়া এলাকার মানুষজন। টিউবয়েল থাকলেও দীর্ঘদিন বিকল হয়ে পড়ে রয়েছে। ২০১৮ সালে সজল ধারা প্রকল্পের ঘরে ঘরে জলের ট্যাপ দিলেও জল কিন্তু মেলেনি। পানীয় জল দূর থেকে তাদের আনতে হয় খাওয়ার জন্য, নয়তো পুকুরের জল খেয়েই তারা দিন যাপন করছেন। প্রায় চল্লিশটি পরিবার পানীয় জল থেকে বঞ্চিত রয়েছে। পুকুরের জলেই রান্না থেকে শুরু করে জল ফুটিয়ে খেতে হচ্ছে তাদের। বারবার স্থানীয় প্রশাসনকে জানিয়েও কোন লাভ হয়নি। দীর্ঘ তিন বছর ধরে তাঁদের পুকুরের জল খেতে হয়। পুকুরের জল খেয়েই শরীর খারাপ হয় শিশু থেকে শুরু করে বেশিরভাগ মানুষজনদের। তবুও উপায় না পেয়ে বাধ্য হয়ে পুকুরের জলে ভরসা করছেন তারা।

তৃণমূলের মিছিল

দুরন্ত বার্তা, বর্ধমান, ১ ফেব্রুয়ারিঃ বৃহস্পতিবার বর্ধমানে এক জনসভায় আসছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখমন্ত্রীর সমর্থনে পূর্ব বর্ধমান জেলার জামালপুর ব্লকের পারাতল ১ গ্রাম পঞ্চায়েত প্রধান উত্তম হাজারীর নেতৃত্বে মহিন্দর গ্রামে তৃণমূল কংগ্রেসের এক মিছিলের আয়োজন করা হয়। ক্ষমতায় আসার পর রাজ্যের সকল স্তরের মানুষের জন্য প্রচুর উন্নয়ন করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাই তার সমর্থনে বৃহস্পতিবার যাতে সকল স্তরের মানুষ মুখ্যমন্ত্রীর সভায় উপস্থিত থাকেন তার জন্য সকলকে আহ্বান জানান উত্তম বাবু।

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিশনাল ইঞ্জিনিয়ার/সি, পূর্ব রেলওয়ে, হাওড়া, রেলওয়ে স্টেশনের নিকটে ডিআরএম বিল্ডিং, হাওড়া-৭১১১০১ নিম্নলিখিত কাজের জন্য সেচ/সিপিডব্লুডি/এমইএস/এমইএস অথবা যে কোনও সরকার অধীনস্থ সংস্থার সাথে রেজিস্টার্ড সহ সমপ্রকৃতির কাজে অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক ক্ষমতা আছে এরূপ টেন্ডারদাতাদের থেকে অনলাইনে ই-টেন্ডার আহ্বান করছেন: সিনিয়র ডিইএন/এইচকিউ/হাওড়ার অধীনে : **ই-টেন্ডার নং: ২০৯ অফ ২০২২-২৩, কাজের বিবরণ:** কার্বন ফাইবার টেকনোলজি দ্বারা বঙ্কিম সেতু স্ট্রাকচার মেরামতি এবং শক্তি বৃদ্ধি। **আনুমানিক ব্যয়:** ৮,৫৫,১২,৭৪১ টাকা। **বায়নামূল্য:** ৫,৭৭,৬০০ টাকা। **টেন্ডার ফর্মের মূল্য:** শূন্য। **সম্পূর্ণ করার সময়সীমা:** স্বীকৃতি পত্র ইস্যুর তারিখ থেকে ৮ মাস। টেন্ডার আহ্বানক বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের তারিখে কোনও কারণে ছুটি/বনধ/স্ট্রাইক ঘোষিত হলে অনলাইনে টেন্ডার বন্ধের তারিখ পরিবর্তিত হবে না কারণ টেন্ডার বন্ধের তারিখ এবং সময়ের পরে কোনও অফার জমা করার আবেদন আইআরইপিএস ওয়েবসাইট অনুমোদন করে না। অবশ্য অনলাইনে টেন্ডার পরবর্তী কাজের দিনে খোলা হবে। **টেন্ডার বন্ধের তারিখ এবং সময়:** ২৩.০২.২০২৩ তারিখ দুপুর ২টো। টেন্ডারের বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। ই-টেন্ডারিংয়ের সাপেক্ষে বায়নামূল্য জমা (ইএমডি) এবং টেন্ডার নথিপত্রের মূল্য কেবলমাত্র নেট ব্যাঙ্কিং অথবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গৃহীত হবে। **দ্রষ্টব্য:** আইআরইপিএস (ই-টেন্ডার পোর্টাল)-তে আহ্বান করা টেন্ডারের জন্য ইএমডি হিসাবে ফিক্সড ডিপোজিট রিসিপ্ট (এফডিআর) গৃহীত হবে না। কোনও ম্যানুয়াল অফার গৃহীত হবে না।

HWH-394/2022-23

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway Eastern Railway Headquarter

e – Tender Notice

e-Quotation is invited for works as follows:

1. Name of work:- Improving the illumination level with power saving LED street light luminairs by the replacement of existing old conventional HPSV light fittings--- J.B Ghat Road, Howrah site under HRBC.
   Tender ID-2023_HRBC_462866_1
   e-NIQ No. HRBC/JPM(E)/NIQ/43/22-23

Last date of submission of bid (online) is 10.02.2023 up to 10.00 AM

Other details may be seen from the website: https://wbtenders.gov.in.

Joint Project Manager (Electrical)
HRBC

Office of The NAITY GRAM PANCHAYAT

NOTICE INVITING TENDER No. 17/NGP/2023, 18/NGP/2023 &19/NGP/2023, Date: 01/02/2023 for execution works is being invited by the PRODHAN, Naity Gram Panchyat. Date of time of application : **02.02.2023.** Last date of submission of Tender : **08.02.2023.** Date of opening of Tender : **10.02.2023.** For further details please visit office of the undersigned on any working days.

Sd/- Prodhan
Naity Gram Panchayat

BERUGRAM GRAM PANCHAYET
Bowai, Purba Bardhman
Under Jamalpur Block
Tender Notice

Tender are invited by Prodhan Berugram Gram Panchayat from bonafied and experienced contractor for **NIT No.-26, 27, 28, 29, 30,31. Date-30.01.2023.** Bid Ending Date **08.02.2023. at 4.00 P.M.** For details please contact at GP office.

Sd/- Prodhan
Berugram Gram Panchayat

উত্তর মধ্য রেলওয়ে

ই-টেন্ডারিং টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (ওয়ার্কস), এন.সি. রেলওয়ে, ঝাঁসি আহ্বান করছেন সিলকরা ''ওপেন টেন্ডার'' অনলাইন মাধ্যমে (ই-টেন্ডারিং) নিম্নলিখিত কাজের জন্য।

বিস্তারিত বিবরণ	ই-টেন্ডার নং.	আনুমানিক মূল্য	বায়না মূল্য
গোয়ালিয়র ঃ বিভিন্ন সার্ভিস বিল্ডিংয়ে এবং পুরো ক্যামটেক ক্যাম্পাসে উন্নয়নের কাজ।	জেএইচএস-ইঞ্জি-এন-২০২৩-০৬	১১৪৯৮০৭০.০০	২০৭৫০০.০০

টেন্ডার বন্ধের তারিখ ঃ ০১.০৩.২০২৩ বেলা ১৫.০০ ঘটিকা।
গ্রহণকারী চিঠি জারি হওয়ার পর মেয়াদ / সম্পাদনের তারিখ ঃ ১২ মাস।
-টেন্ডার অনলাইনে জমা করা যাবে ০১.০৩.২০২৩ বেলা ১৫.০০ ঘটিকা পর্যন্ত।
-বিস্তারিত তথ্যাবলী এবং দরপত্র জমা করতে দয়া করে দেখুন ভারতীয় রেলওয়ের ওয়েবসাইট- **www.ireps.gov.in** । 159/23(AN)

North central railways @CPRONCR @northcentralrailway www.ncr.indianrailways.gov.in

Makardah-II Gram Panchyat
Vill-Jotgir, P.O.Lakshmanpur,
Dist.Howrah, Pin-711114
Memo No.734/15 th FC/Mak-II/22-23
to 741/15 th FC/Mak-II/22-23
Notice Inviting e-Tender

E-Tender is invited by the Pradhan, Makardah-II Gram Panchyat from bonafied, experienced and resourceful bidders for Total 8(Eight) Nos. of similar works. Source of Fund: 15 th FC. Documents download/sell starting **from 30/01/2023 at 10:30 am up to 07/02/2023 at 10:30 am.** Last date of submission of Bid within **07/02/2023 up to 10:30 am.** Date of Opening of Bid (technical) **09/02/2023 at 10:30 am.** For details please visit website **https://wbtender.gov.in**

Sd/- Pradhan
Makardah-II Gram Panchyat

Office of the
Ramsagar Gram Panchayat
Ramsagar, Onda, Bankura
NOTICE INVITING e-TENDER No-01/2022-23,
Memo No. 57/RGP/2023 Date: 31/01/2023

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for the work of Construction of Rest Shed at Ramsagar Subcenter at Singhati, Mouza-Singhati, JL No-254. Source of Fund: PBG-SFC. Date of sale of Tender form on any working day from **31-01-2023 to 10-02-2023 up to 6:30 PM.** Last date of dropping of e-Tender bid on or before **10.02.2023 up to 6:30 PM.** Date of Opening of Tender: **21.01.2023 (at 01:00 P.M.).** For details please visit website **https://wbtenders.gov.in.**

Sd/- Prodhan
Ramsagar Gram Panchayat

"Undersigned invites **E-NIT No.- 93/DNK -PS/2022-23** for some civil works under Executive officer, Dhaniakhali Panchayat samity. Last date of bid submission through online at e- procurement link https://wbtenders.gov.in on **17.02.2023 up to 5.00 PM.** Details can be seen at **www.hooghly.nic.in** or at the office of undersigned in any working days within office hour."

Sd/- EXECUTIVE OFFICER
DHANIAKHALI PANCHAYAT SAMITY
DHANIAKHALI, HOOGHLY

বেগমপুর গ্রাম পঞ্চায়েত
(চন্ডীতলা-২নং ব্লকের অধীন)
গ্রাম ও পোঃ-বেগমপুর, জেলা-হুগলী (প.ব.)
TENDER NOTICE

e-Tenders are invited from reputed and eligible bidders for civil works under Begampur GP area, Chanditala-2dev Block, Hooghly. For details login to **https://wbtenders.gov.in/**

Sd/- Pradhan
Begampur Gram Panchayet

OFFICE OF THE LADHURKA GRAM PANCHAYAT
(HURA PANCHAYAT SAMITY)
P.O.-LADHURKA, DIST-PURULIA (W.B.)
Notice Inviting Tender No. 06/LGP/2022-23 , Date-30.01.2023
Notice Inviting Tender No. 07/LGP/2022-23 , Date-30.01.2023

Ladhurka GP, Hura Dev. Block, Purulia invites separate sealed tender from the bonafide contractors/suppliers for various schemes in XVFC (22-23). Date and time of application from-**30.01.2023 to 09.02.2023 up to 2:00 p.m.** Last date of dropping of Sealed Tender form on **09/02/2023 up to 2.00 pm.** Date of Opening of Tender on **09/02/2023 at 2.30 pm.** For details contact at GP Office, Ladhurka Gram Panchayat.

Sd/- Pradhan
Ladhurka Gram Panchayat

Office of The Shyamsundarpur Gram Panchayat
(under Raipur P.S)
Dudhya*Barikul*Bankura
NOTICE INVITING e-TENDER
No-01/15 th CFC(Tied)/2022-23, Dt.-31/01/2023(5 nos. work)
No-02/15 th CFC(Tied)/2022-23, Dt.-31/01/2023(2 nos. work)
Ref. Memo No.-41,42 Dt.-31.01.2023

Tender are invited by the Pradhan, Shyamsundarpur Gram Panchayat for 07(Seven) works. Date of closing of submission of Technical Bid & Financial Bid **10.02.2023 up to 6 p.m.** For details contact office of the undersigned or visit **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Shyamsundarpur Gram Panchayat

OFFICE OF THE PARA PANCHAYAT SAMITY
PARA :: PURULIA
Memo. No. 71(1)/(32)/PPS, Date-01.02.2023
CORRIGENDUM NOTICE

Due to unavoidable circumstances the date and time of processing of the previous Notice of Inviting **Tender No. 05/EO/PPS OF 2022-23 (Sl. No. 01 to 21) issued by this office Memo. No. 36/EO/PPS, Date-17.01.2023** is being changed and the next schedule date & time will be as noted bellow :- **(i) Date of issue of Tender Papers 03.02.2023, from 11.00 hours to 16.00 hours. (ii) Last date of dropping of Tender papers 07.02.2023 up-to 14.00 hours in the Tender Box kept for the purpose at the office of the undersigned. (iii) Date of Opening of Tender 07.02.2023 after 14.00 hours.** Other terms and condition of the said notice remaining unchanged.

Sd/-Executive Officer
Para Panchayat Samity

পূর্ব রেলওয়ে

ই-অকশন বিজ্ঞপ্তি

নং : শিয়ালদহ-পিইউবি-ই-অকশন-... তারিখ: ৩০.০১.২০২৩। সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ... [illegible] ... অকশন শুরুর তারিখ: ১৬.০২.২০২৩ তারিখ সকাল ১১টা। বিস্তারিত নিয়ম এবং শর্তাবলীর জন্য সম্ভাব্য বিডারদের www.ireps.gov.in-এর ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

SDAH-281/2022-23

পূর্ব রেলওয়ে ওয়েবসাইট: www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in - এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway Eastern Railway Headquarter

RDB REALTY & INFRASTRUCTURE LTD.
CIN: L16003WB2006PLC110039
Regd. Office : Bikaner Building, 8/1, Lal Bazar Street, R.No- 10 Kolkata-700001,
Ph No (033) 44500500, Fax: 033-22420588;
Email id :secretarial@rdbindia.com; **Website:** www.rdbindia.com

EXTRACT OF UN-AUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 31ST DECEMBER, 2022

(Rs. In Lakhs)

Particulars	CONSOLIDATED		
	Three Months ended 31.12.2022 Unaudited	Nine Months ended 31.12.2022 Unaudited	Three Months ended 31.12.2021 Unaudited
Total income from operations (net)	3470.30	6942.75	1694.69
Net Profit before Tax and exceptional items	501.47	1107.70	251.24
Net Profit before Tax after exceptional items	501.47	1107.70	251.24
Net Profit/loss after Tax	404.24	909.93	211.35
Total Comprehesnsive Income for the period (Comprising profit for the period after tax and other comprehensive income after tax)	21.64	21.64	-
Paid-up Equity Share Capital Face Value Rs. 10/- Per Share)	1728.34	1728.34	1728.34
Reserves (As shown in the Audited Balance Sheet of previous year)	13527.65 (31/03/22)	13527.65 (31/03/22)	13527.65 (31/03/22)
Basic and Diluated Earning Per Share for the period	2.34	5.27	0.79

Notes:

1. (a) The above results were reviewed by the Audit Committee on 1st February, 2023 and approved by the Board of Directors of the Company at its meeting held on 1st February, 2023.
   (b) Key Standalone Financial Information :

Particulars	Three Months ended 31.12.2022 Unaudited	Nine Months ended 31.12.2022 Unaudited	Three Months ended 31.12.2021 Unaudited
Total Income	2850.44	5998.61	1396.96
Net Profit /loss before Tax	148.44	473.21	113.13
Net Profit/Loss after Tax	122.81	365.58	88.13

2. The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange(s) and on the company's website (www.rdbindia.com).

FOR AND ON BEHALF OF THE BOARD
sd/-
Rajeev Kumar
Chairman & Whole-time Director
DIN: 07003686

Date: 01.02.2023
Place : Kolkata

RDB RASAYANS LIMITED
CIN-L36999WB1995PLC074860
Regd. Office : Bikaner Building, 8/1, Lal Bazar Street, R.No- 09 Kolkata-700001,
Ph No (033) 44500500, Fax No 91-33-2242 0588
E-mail : info@rdbindia.com, Website: www.rdbgroup.in

EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2022

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter ended December 31,2022 Unaudited	Nine months ended December 31,2022 Unaudited	Corresponding Quarter ended December 31,2021 Unaudited	Year Ended March 31 2022 Audited
1	Total Income from Operations (Net)	2,793.74	9,385.38	3,600.96	13,517.55
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and /or Extraordinary items)	780.04	2,943.63	774.03	2,757.87
3	Net Profit / (Loss) for the period before Tax (after Exceptional and/or Extraordinary items)	780.04	2,943.63	774.03	2,757.87
4	Net Profit / (Loss) for the period after Tax (after Exceptional and/or Extraordinary items)	575.63	2,199.38	664.01	2,205.47
5	Total Comprehensive Income /(Loss) for the period[Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income(after tax)]	575.63	2,199.38	664.01	2,208.90
6	Equity Share Capital (Face Value of Rs.10/- each)	1,771.48	1,771.48	1,771.48	1,771.48
7	Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year)	-	-	-	12,026.11
8	Earnings Per Share (of Rs. 10/- each) Basic:	3.25	12.42	3.75	12.45
	Diluted:	3.25	12.42	3.75	12.45

Notes:

1. The above is an extract of the detailed format of Quarterly / Annual Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly/ Annual Financial Results are available on the website of BSE Limited at www.bseindia.com and on the Company's website at www.rdbgroup.in
2. The above Unaudited results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their meeting held on 1st February, 2023.

For **RDB RASAYANS LIMITED**
Sd/-
Sandeep Baid
Whole Time Director & CFO
DIN:00557018

Date: 01.02.2023
Place : Kolkata